

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১০- ৭৫০

তারিখঃ ২৭.০৮.২০১০

আদেশ

যেহেতু, ডাঃ জসীম উদ্দিন আহমদ (৪১২১১), জুনিয়র কনসালটেন্ট (চক্ষু), জেলা সদর হাসপাতাল, কক্সবাজার গত ১৬.০৭.২০০৯ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ জসীম উদ্দিন আহমদ (৪১২১১), জুনিয়র কনসালটেন্ট (চক্ষু), জেলা সদর হাসপাতাল, কক্সবাজারকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৬.০৭.২০০৯ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২৭.৮.১০
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা
(গেজেটে প্রকাশের জন্য)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১০- ৭৫০/১(২১)

তারিখঃ ২৭.০৮.২০১০

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, কক্সবাজার
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কক্সবাজার
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। ডাঃ জসীম উদ্দিন আহমদ (৪১২১১), জুনিয়র কনসালটেন্ট (চক্ষু), জেলা সদর হাসপাতাল, কক্সবাজার (স্থায়ী ঠিকানাঃ- পিতা- মরহুম শফি আহমেদ, কর্ণফুলী ইপিজেড গেইট, ডাকঘর-পতেঙ্গা-৪২০৪, চট্টগ্রাম)


২৭.৮.১০
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৫.২০১২-৭৫৬

আদেশ


তারিখঃ ২৭.০৮.২০১৩ খ্রিস্টাব্দ

যেহেতু, ডাঃ কে এ বি এম তাইফুল আলম (৩৮৬৩১), জুনিয়র কনসালটেন্ট, সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভুয়াপুর, টাংগাইল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমাতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৯.০৮.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা শুনানীতে জানান যে, অসুস্থতাজনিত ও পারিবারিক কারণে গত ২২.০৩.২০১২ তারিখ হতে ০৩.০৭.২০১২ তারিখ পর্যন্ত তিনি কর্মস্থলে উপস্থিত থাকতে পারেননি এবং অসুস্থতার কারণে তিনি গত ১৫.০৭.২০১২ তারিখ হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ কে এ বি এম তাইফুল আলম (৩৮৬৩১), জুনিয়র কনসালটেন্ট, সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভুয়াপুর, টাংগাইল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে বিনানুমতিতে অনুপস্থিতির জন্য তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমাতে 'তিরস্কার' করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৫.২০১২-৭৫৬(২)

তারিখঃ ২৭.০৮.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, টাংগাইল
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ কে এ বি এম তাইফুল আলম (৩৮৬৩১), জুনিয়র কনসালটেন্ট, সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভুয়াপুর, টাংগাইল



(মোঃ সাইদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd